মিত্সুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি [এনিক্কি ফেস্টা]
**Mitsubishi Asian Children's Enikki Festa**

**বাংলাদেশ শিল্পকলা একাডেমি**
**Bangladesh Shilpakala Academy**
১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০

স্মারক: ৪৫.২০.০০০০.০০৬.৩৮.০০১.২১. তারিখ: ০৭-১০-২০২১

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক
সরকারী ল্যাবরেটরী হাই স্কুল

আনন্দের সাথে জানাচ্ছি যে, এশিয়ার দেশসমূহের শিশুদের অঙ্কিত চিত্রকর্ম জাপানের দর্শকদের কাছে উপস্থাপন করার উদ্দেশ্যে জাপানে ২০২০-২০২১ এর মিত্সুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) অংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

১. এই উৎসবে প্রত্যেক অংশগ্রহণকারী দেশের একজন করে শিশুকে গ্র্যান্ড প্রিক্স পুরস্কার (Grand Prix) প্রদান করা হবে। পুরস্কার প্রাপ্ত অবশিষ্ট ৭ জনকে পদক ও সার্টিফিকেট প্রদান করা হবে। গ্র্যান্ড প্রিক্স পুরস্কার প্রাপ্ত ১ জন শিশুশিল্পীকে অভিভাবকসহ জাপান ভ্রমণে আমন্ত্রণ জানানো হবে।

২. ৬ থেকে ১২ বৎসর বয়স পর্যন্ত শিশুরা এই চিত্রকলা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৩. একজন শিশুকে মোট ৫টি ছবি এঁকে তার রোজকার ডাইরী সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) লিপিবদ্ধ করতে হবে। ছবির বিষয় হবে "এই আমার জীবন"।

৪. এ-ফোর সাইজের (২৯৭ মি.মি.×২১০মি.মি) কাগজের উপর দিকের দুই-তৃতীয়াংশে ছবি আঁকতে হবে এবং নীচের দিকের বাকি অংশে বাংলায় ৪ অথবা ৫ লাইনের মধ্যে ছবির বর্ণনা নিজ হাতে লিখতে হবে।

৫. অংশগ্রহণের নীতিমালা, এন্ট্রিফর্ম এবং ছবি আঁকার কাগজ ০১(এক) সেট ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগ থেকে ৩০/- (ত্রিশ) টাকা মূল্যে ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে।

৬. ছবি ঢাকায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগে অফিস চলাকালীন ২০ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে জমা দিতে হবে অথবা পৌছাতে হবে।

৭. ২০২২ সালের অক্টোবর মাসের ২য় সপ্তাহে বাংলাদেশ শিল্পকলা একাডেমির চারুকলা বিভাগের গ্যালারীতে বাংলাদেশের অংশগ্রহণকারী শিশুদের নির্বাচিত চিত্রকর্মসমূহের দশ দিনব্যাপী বিশেষ প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

৮. প্রয়োজনে যোগাযোগ: মিত্সুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) অংকন প্রতিযোগিতা সমন্বয়কারী জনাব মো. মাহবুবুর রহমান (সুজন), গাইড লেকচারার, চারুকলা বিভাগ, জাতীয় চিত্রশালা ভবন, কক্ষ-৩০৯, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা, মোবাইল: ০১৯১৪৮৫৪৮১২।

আপনার প্রতিষ্ঠানের শিশুদের উপর্যুক্ত প্রতিযোগিতার বিষয়টি অবহিত করা এবং এই সঙ্গে প্রেরিত মিত্সুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি (এনিক্কি ফেস্টা) অংকন প্রতিযোগিতার পোস্টার আপনাদের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হল।

ধন্যবাদান্তে,

[স্বাক্ষর] ৭/১০/২১
লিয়াকত আলী লাকী
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি

ক্লাসে প্রচারের জন্য প্রেরণ করা হল। বিজ্ঞপ্তি অনুসারে [illegible] সহযোগিতা করতে হবে।
১) [illegible] — প্রভাতি
২) [illegible] — দিবা
[স্বাক্ষর] ৮/১০/২১

Phone : 02-9556602 Mobile : 01914354812 E-mail : macef.bsa.bd@gmail.com Website : www.shilpakala.gov.bd



২০২১-২০২২

# মিতসুবিশি এশীয় শিশুদের সচিত্র দিনলিপি [এনিক্কি ফেস্টা]

## এশিয়ার জনগণ তোমার সম্পর্কে জানতে চায়

### এশিয়ার অন্যান্য শিশুদের কাছে তোমার দৈনন্দিন জীবনকে তুলে ধরো
### সচিত্র দিনলিপিতে তোমাকে প্রকাশ করো

## তোমার সচিত্র দিনলিপি "এনিক্কি" আহ্বান করা হলো

এ অনুষ্ঠান সচিত্র দিনলিপির মাধ্যমে বিশ্বব্যাপী শিশুদের এশিয়ার জনগণের দৈনন্দিন জীবন সম্পর্কে জানার সুযোগ করে দিচ্ছে। "এই আমার জীবন" শিরোনামে সচিত্র দিনলিপি অংকনের জন্য আমরা এশিয়া অঞ্চলের ২৪টি দেশের শিশুদেরকে আমন্ত্রণ জানাবো। পাঁচ পৃষ্ঠার সচিত্র দিনলিপির মাধ্যমে তোমার জীবন এবং সংস্কৃতি সম্পর্কে এশিয়ার বন্ধুদেরকে জানানোর জন্য তুমি কেন এ অনুষ্ঠানে অংশগ্রহণ করবে না?

### অংশগ্রহণের শর্তাবলী

**আবেদন** প্রতিটি আবেদন ৫ পৃষ্ঠার হতে হবে। প্রতি পৃষ্ঠায় তোমার দৈনন্দিন জীবনের যেকোনো ঘটনার একটি ছবি এবং তার বর্ণনামূলক ছোট রচনা থাকতে হবে। (ছবিতে রং, কালি, রং পেন্সিল অথবা অন্য কিছু ব্যবহার করো)

**পদ্ধতি** একটি A4 সাইজ কাগজের (২৯৭ মি.মি. দৈর্ঘ্য × ২১০ মি.মি. প্রস্থ) উপরের দুই তৃতীয়াংশে ছবি এবং নিচের এক তৃতীয়াংশে রচনা থাকবে। ছবি এবং রচনা কাগজের সম্মুখভাগে থাকবে। পিছনের অংশ ব্যবহার করা যাবে না।

**যোগ্যতা** আবেদনের সময় শিশুর বয়স ৬-১২ বছর হতে হবে।

**বিষয়** "এই আমার জীবন"। তোমার দৈনন্দিন জীবনের যেকোনো ঘটনা বর্ণনা কর। যেমন- পরিবার, বন্ধু-বান্ধব, স্কুল জীবন, গ্রাম, উৎসব, শহর ও মানুষ ইত্যাদি।

**আবেদনের সময়সীমা** সেপ্টেম্বর ২০- ডিসেম্বর ১০, ২০২১।




**বিজয়ীদের নাম ঘোষণা** জানুয়ারি ২০২২ সালে পুরস্কার বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

**পুরস্কার**
গ্র্যান্ড প্রিক্স পুরস্কার (১ জন বিজয়ী)
পুরস্কারপ্রাপ্ত অংশ হিসেবে গ্র্যান্ড প্রিক্স বিজয়ীকে জাপানে পুরস্কার প্রদান এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে।
মিতসুবিশি পাবলিক অ্যাফেয়ার্স কমিটি পুরস্কার (১জন বিজয়ী)
এশিয়ান প্যাসিফিক ফেডারেশন অব ইউনেস্কো ক্লাবস এন্ড এসোসিয়েশনস পুরস্কার (১জন বিজয়ী)
ন্যাশনাল ফেডারেশন অব ইউনেস্কো এসোসিয়েশনস ইন জাপান পুরস্কার (১জন বিজয়ী)
এক্সিলেন্স পুরস্কার (৪৫জন বিজয়ী)

আবেদনের নির্দেশিকা সম্পর্কে এবং পূরণকৃত আবেদন জমাদানের জন্য যোগাযোগের ঠিকানা:
পরিচালক, চারুকলা বিভাগ, জাতীয় চিত্রশালা ভবন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা ঢাকা-১০০০, ফোন- ...; ওয়েবসাইট: www.shilpakala.gov.bd ইমেইল: ...@gmail.com

### অংশগ্রহণকারী দেশ ও অঞ্চলসমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ, রাজতন্ত্রী ভূটান, ব্রুনাই দারুসসালাম, রাজতন্ত্রী কম্বোডিয়া, গণপ্রজাতন্ত্রী চীন, ভারত, প্রজাতন্ত্রী ইন্দোনেশিয়া, প্রজাতন্ত্রী কাজাখস্তান, প্রজাতন্ত্রী কোরিয়া, গণতান্ত্রিক প্রজাতন্ত্রী লাওস, মালয়েশিয়া, প্রজাতন্ত্রী মালদ্বীপ, মঙ্গোলিয়া, প্রজাতন্ত্রী মায়ানমার, যুক্তরাষ্ট্রীয় গণতান্ত্রিক প্রজাতন্ত্রী নেপাল, ইসলামী প্রজাতন্ত্রী পাকিস্তান, প্রজাতন্ত্রী ফিলিপাইন, প্রজাতন্ত্রী সিঙ্গাপুর, গণতান্ত্রিক সমাজতান্ত্রিক প্রজাতন্ত্রী শ্রীলংকা, চীনা তাইপে, রাজতন্ত্রী থাইল্যান্ড, গণতান্ত্রিক প্রজাতন্ত্রী তিমুর-লেসতে, সমাজতান্ত্রিক প্রজাতন্ত্রী ভিয়েতনাম এবং জাপান।

**আয়োজক**
মিতসুবিশি পাবলিক এফেয়ার্স কমিটি, এশিয়ান প্যাসিফিক ফেডারেশন অব ইউনেস্কো ক্লাবস এন্ড এসোসিয়েশনস
ন্যাশনাল ফেডারেশন অব ইউনেস্কো এ্যাসোসিয়েশনস ইন জাপান

**স্থানীয় আয়োজক**
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
Bangladesh Shilpakala Academy

**সহযোগিতায়**
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
জেলা শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ শিশু একাডেমি

মিতসুবিশি কোম্পানীসমূহ মিতসুবিশি এশীয় শিশুদের এনিক্কি ফেস্টা পৃষ্ঠপোষকতা করে আসছে।